

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

নরসিংদী -শাখা।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নরসিংদী শাখার ঋণগ্রহীতা, মেসার্স মফিজ টেডার্স, মালিক (১) জনাব মোজাম্মেল হোসেন, (২) জনাব মোশারফ হোসেন, পিতা মো: মফিজ উদ্দিন মিয়া, মাতা-জোসনা বেগম, ব্যবসায়িক ঠিকানা- সুতা পট্টি নরসিংদী বাজার ডাকঘর, থানা ও জিলা নরসিংদী, স্থায়ী ঠিকানা-১৪১ পশ্চিম ব্রাহ্মন্দী ডাকঘর নরসিংদী সরকারী কলেজ, থানা ও জিলা নরসিংদী, কর্তৃক ইউসিবি, নরসিংদী শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের বমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরাপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২৪/০৭/২০১৭ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট -১,০০,১৮,৪৯০.৩৪ (এক কোটি আঠার হাজার চার শত নব্বই টাকা চৌত্রিশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য অগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

০১। জেলা- নরসিংদী, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-নরসিংদী সদর, মৌজাঃ ব্রাহ্মন্দী, জে.এল. নং সিএস-২৯০, এসএ-৫৫, আরএস-৪৬, খতিয়ান নং- সিএস-১৭৯, এসএ-৩১২, আরএস-১১৯, আরএস খারিজা-১১৯/৬, জোত নং ১২৩৬, দাগ নং-সিএস ও এসএ -৩৩ আরএস-২৭, জমির পরিমাণ ৪.২৫ শতাংশ যাহার চৌহদ্দী- উত্তরে- জহিরমল ইসলাম, দরিগে-রাস্তা পূর্বে রাস্তা এবং পশ্চিমে- জহিরমল ইসলাম।

০২। জেলা- নরসিংদী, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-নরসিংদী সদর, মৌজাঃ সাটিরপাড়া, জে.এল. নং সিএস-২৯৩, এসএ-৫৮, আরএস-৪৮, খতিয়ান নং-সিএস-৩৩৯, এসএ-৫০১, আরএস-১৭০২ আরএস খারিজা-১৪৪৫৮, দাগ নং-সিএস ও এসএ -২২৯৯ আরএস-১৩৬৬৪, ১৩৬৬৫ জমির পরিমাণ ৬.২৫ শতাংশ। যাহার চৌহদ্দী- উত্তরে- শোইব উল্লাহ, দরিগে-শোইব উল্লাহ পূর্বে হেলার উদ্দিন ও অন্যান্য এবং পশ্চিমে- কাশেম ও অন্যান্য।

নিলামের শর্তাবলী :-

- (১) আগামী ৩১/০৮/২০১৭ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নরসিংদী শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ নরসিংদী শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, নরসিংদী শাখা, থানা ও জেলা নরসিংদী।